

৩.০ মহাপরিচালকের মন্তব্য

মহা পরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের নিরীক্ষাধীন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন উপজেলা পরিষদ, জেলা পরিষদ এবং পৌরসভাসমূহের ১৯৯৯-২০০০ সালের এবং তৎপূর্ববর্তী কতিপয় বৎসরের হিসাব বর্তমানে প্রচলিত নিয়মানুযায়ী নমুনামূলক ও শতকরা ভিত্তিক যাচাইয়ের মাধ্যমে নিরীক্ষা করা হইয়াছে। এই রিপোর্টে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন সংস্থাসমূহের যে সকল আর্থিক অনিয়ম ও ক্ষয়ক্ষতি ইত্যাদি অন্তর্ভুক্ত করা হইয়াছে তাহা উত্থাপিত সময়ের অথবা তৎপূর্ববর্তী সময়ের সমগ্র লেনদেনের যে ক্ষুদ্রাতিক্ষুদ্র অংশ নিরীক্ষা করা হইয়াছে উহারই সামান্য প্রতিফলন মাত্র। সুতরাং এই রিপোর্টের আপত্তি ও মন্তব্য উদাহরণমূলক এবং তাহা কোনমতে উল্লেখিত প্রতিষ্ঠানসমূহের আর্থিক শৃঙ্খলা মান সম্পর্কিত পূর্নাঙ্গচিত্র নহে।

এই রিপোর্টে অন্তর্ভুক্ত অনিয়মগুলি পর্যালোচনা করিয়া প্রতীয়মান হয় যে, নিরীক্ষিত অফিসগুলির অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা এবং আর্থিক ব্যবস্থাপনা পর্যাপ্ত না হওয়ার কারণে অনিয়মগুলি সংঘটিত হইয়াছে। জরুরী ভিত্তিতে রিপোর্টে উল্লেখিত অনিয়মগুলি নিষ্পত্তি করা আবশ্যিক।

ঢাকা

তারিখঃ- ১৭-০৬-২০০১ ইং
০৩-০৩-১৪০৮ বাং

মোঃ শাহজাহান মিয়া
মহাপরিচালক

স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর
বাংলাদেশ।